দৈনিক সংবাদ
তারিখ ...15 JUL 1991 পৃষ্ঠা... ২ ... কলাম ... ৬...

265

# ডাকসু ও হল সংসদ নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা করা হয়েছে।

ঘোষণা অনুযায়ী আজ সোমবার বিকেল ৪টায় খসড়া ভোটার তালিকা, ১৭ই জুলাই বুধবার বিকেল ৪ টায় চূড়ান্ত ভোটার তালিকা এবং ৩০শে জুলাই বিকেল ৪টায় সম্পূরক ভোটার তালিকা প্রকাশ করা হবে।

বিভিন্ন হলের প্রভোস্টের অফিস থেকে আগামীকাল মঙ্গলবার বিকেল ৪টা থেকে ৫টা, ১৭ই জুলাই বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৪টা, ১৮ই জুলাই বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা এবং ২০শে জুলাই শনিবার সকাল ৮টা থেকে সকাল ১০টা পর্যন্ত মনোনয়নপত্র বিতরণ করা হবে।

আগামী ২০শে জুলাই শনিবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত যেকোন হলের ডাকসুর রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ করা হবে।

ডাকসু ঃ পৃঃ ২ কঃ ৮

## ডাকসু ঃ নির্বাচনের সময়সূচী

( ১ম পাতার পর )

হলের ডাকসু রিটার্নিং অফিসারগণ মনোনয়নপত্রসমূহ ঐ দিন বিকেল ১টার মধ্যে একটি সীলকৃত কভারে চীফ রিটার্নিং অফিসারের নিকট উপাচার্যের দপ্তরে জমা দেবেন। ২০শে জুলাই শনিবার বিকেল ১টা থেকে প্রশাসনিক ভবনের সভাকক্ষে মনোনয়নপত্র বাছাই করা হবে এবং সকল হলের ডাকসু রিটার্নিং অফিসারগণকে বাছাইয়ের সময় ঐ দিন পর্যন্ত প্রস্তুতকৃত ভোটার তালিকাসহ উপস্থিত থাকতে হবে।

আগামী ২১শে জুলাই রোববার দুপুর ১২টায় বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে। প্রার্থীরা আগামী ২৫শে জুলাই বৃহস্পতিবার দুপুর ১২টার মধ্যে ডাকসুর চীফ রিটার্নিং অফিসারের কাছে ব্যক্তিগতভাবে লিখিত ও স্বাক্ষরকৃত আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন। আগামী ২৫শে জুলাই বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

আগামী ৩১শে জুলাই বুধবার সকাল ৮টা থেকে অপরাহ্ন ২টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। প্রতি হলে ভোট কেন্দ্র থাকবে এবং সংশ্লিষ্ট হলের ছাত্রছাত্রীরা স্ব স্ব হলের ভোট কেন্দ্রে নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদান করবে।

ডাকসু নির্বাচন সংক্রান্ত সময়সূচী হল সংসদসমূহের নির্বাচনের ক্ষেত্রেও প্রয়োজ্য হবে।

নির্বাচনে পরিচয়পত্র ছাড়া কাউকে ভোটদান করতে দেয়া হবে না। সকল ছাত্রছাত্রীকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট হল কার্যালয় থেকে আগামী ৩০শে জুলাইয়ের মধ্যে স্ব স্ব পরিচয়পত্র সংগ্রহ করতে হবে। যে সমস্ত ছাত্রছাত্রী ২৫শে জুলাই ১৯৯১ তারিখের মধ্যে ভর্তি হবে না তাদের ভোটদানের অধিকার থাকবে না।

### চীফ রিটার্নিং অফিসার নিয়োগ ও পরামর্শদাতা পর্ষদ গঠন

ডাকসু নির্বাচন পরিচালনার জন্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক এ, কে, এম আবদুল আলীমকে চীফ রিটার্নিং অফিসার নিয়োজিত করা হয়েছে। এ ছাড়া, চীফ রিটার্নিং অফিসারকে সহায়তা করার জন্য নয় সদস্যবিশিষ্ট একটি পরামর্শদাতা পর্ষদও গঠন করা হয়েছে। এ পর্ষদে রয়েছেন ঃ বাংলা বিভাগের অধ্যাপক এ, টি, এম আনিসুজ্জামান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক মোঃ সুলতান হোসেন, ইতিহাস বিভাগের অধ্যাপক এম মোফাখখারুল ইসলাম, সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী, রসায়ন বিভাগের অধ্যাপক মোঃ মসিহুজ্জামান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক এস. এম. এ ফায়েজ, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক আবুল কালাম, পদার্থ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ বদরুল আলম এবং রেজিস্ট্রার এ, জেড শিকদার। খবর সংবাদ বিজ্ঞপ্তির।